

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর  
দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়  
জরুরি সাড়াদান কেন্দ্র (ইওসি)  
www.ddm.gov.bd  
৯২-৯৩ মহাখালী বা/এ, ঢাকা-১২১২

স্মারক নম্বর: ৫১.০১.০০০০.০২৭.১৫.০০১.১৮.২৮১

তারিখ: ২৩ কার্তিক ১৪২৬

০৮ নভেম্বর ২০১৯

বিষয়: প্রাকৃতিক দুর্যোগে জরুরি সাড়াদান কেন্দ্রে প্রাপ্ত তথ্যাদির সমন্বিত প্রতিবদন।  
সমুদ্র বন্দরসমূহের জন্য সতর্ক সংকেতঃ

আবহাওয়ার বিশেষ বিজ্ঞপ্তি ক্রমিক নম্বর ১৭ (সতর), তারিখ: ০৮/১১/২০১৯ খ্রি:

পশ্চিম-মধ্য বঙ্গোপসাগর ও তৎসংলগ্ন পূর্ব-মধ্য বঙ্গোপসাগর এলাকায় অবস্থানরত প্রবল ঘূর্ণিঝড় 'বুলবুল' আরও উত্তর দিকে অগ্রসর হয়ে একই এলাকায় (১৭.৬° উত্তর অক্ষাংশ এবং ৮৭.৬° পূর্ব দ্রাঘিমাংশ) অবস্থান করছে। এটি আজ (০৮ নভেম্বর ২০১৯) দুপুর ১২ টায় চট্টগ্রাম সমুদ্রবন্দর থেকে ৬৯৫ কিঃ মিঃ দক্ষিণপশ্চিমে, কক্সবাজার সমুদ্রবন্দর থেকে ৬৪৫ কিঃ মিঃ দক্ষিণপশ্চিমে, মংলা সমুদ্রবন্দর থেকে ৫৮৫ কিঃ মিঃ দক্ষিণপশ্চিমে এবং পায়রা সমুদ্র বন্দর থেকে ৫৭৫ কিঃ মিঃ দক্ষিণপশ্চিমে অবস্থান করছিল। এটি আরও ঘনীভূত হয়ে উত্তর-উত্তর পূর্ব দিকে অগ্রসর হতে পারে। প্রবল ঘূর্ণিঝড় 'বুলবুল' এর অগ্রবর্তী অংশের প্রভাবে সমুদ্র বন্দরসমূহ, উত্তর বঙ্গোপসাগর ও বাংলাদেশের উপকূলীয় এলাকায় দমকা/ঝড়ো হাওয়া বয়ে যেতে পারে।

প্রবল ঘূর্ণিঝড় কেন্দ্রের ৭৪ কিঃ মিঃ এর মধ্যে বাতাসের একটানা সর্বোচ্চ গতিবেগ ঘন্টায় ১০০ কিঃ মিঃ যা দমকা অথবা ঝড়ো হাওয়ার আকারে ১২০ কিঃ মিঃ পর্যন্ত বৃদ্ধি পাচ্ছে। প্রবল ঘূর্ণিঝড় কেন্দ্রের নিকটে সাগর খুবই বিক্ষুব্ধ রয়েছে। চট্টগ্রাম, কক্সবাজার, মংলা ও পায়রা সমুদ্র বন্দরসমূহকে ০৪ (চার) নম্বর (পুনঃ) ০৪ (চার) নম্বর স্থানীয় হুঁশিয়ারি সংকেত দেখিয়ে যেতে বলা হয়েছে।

উত্তর বঙ্গোপসাগরে অবস্থানরত সকল মাছ ধরার নৌকা ও ট্রলারকে পরবর্তী নির্দেশ না দেওয়া পর্যন্ত নিরাপদ আশ্রয়ে থাকতে বলা হয়েছে।

আজ ০৮ নভেম্বর ২০১৯ খ্রিঃ সকাল ০৯টা পর্যন্ত দেশের অভ্যন্তরীণ নদীবন্দর সমূহের জন্য আবহাওয়ার পূর্বাভাস:

খুলনা, বরিশাল, পটুয়াখালী, নোয়াখালী, কুমিল্লা, চট্টগ্রাম এবং কক্সবাজার অঞ্চলসমূহের উপর দিয়ে উত্তর/ উত্তর-পূর্ব দিক থেকে ঘন্টায় ৪৫-৬০ কি.মি. বেগে বৃষ্টি অথবা বজ্রবৃষ্টিসহ অস্থায়ীভাবে দমকা/ঝড়ো হাওয়া বয়ে যেতে পারে।

এসব এলাকার নদীবন্দর সমূহকে ০১ নম্বর (পুনঃ) ০১ নম্বর সতর্ক সংকেত দেখাতে বলা হয়েছে।

আজ সকাল ০৯ টা থেকে পরবর্তী ২৪ ঘন্টার আবহাওয়ার পূর্বাভাসঃ

সিনপটিক	অবস্থাঃ	পশ্চিম-মধ্য	বঙ্গোপসাগর	এবং	তৎসংলগ্ন	পূর্ব	মধ্য
বঙ্গোপসাগর এলাকায়	অবস্থানরত	প্রবল	ঘূর্ণিঝড়	"বুলবুল"	আর	ও	উত্তর
হয়ে (১৬.৮	ডিগ্রী	উত্তর	অক্ষাংশ	এবং	৮৭.৬	ডিগ্রী	পূর্ব
)	আজ	সকাল	০৬	টায়	একই	এলাকায়	অবস্থান
উত্তর-পশ্চিম	দিকে	অগ্রসর	হতে	পারে।	প্রবল	ঘূর্ণিঝড়	"বুলবুল"
ও	বাংলাদেশের	উপকূলীয়	এলাকায়	দমকা	অথবা	ঝড়ো	হাওয়া
							বয়ে
							যেতে
							পারে।

পূর্বাভাসঃ খুলনা, বরিশাল ও চট্টগ্রাম বিভাগের অনেক জায়গায় ; রাজশাহী , ঢাকা , ময়মনসিংহ ও সিলেট বিভাগের কিছু জায়গায় রংপুর বিভাগের দুই এক জায়গায় অস্থায়ীভাবে দমকা হাওয়াসহ হালকা থেকে মাঝারী ধরনের বৃষ্টি/বজ্রসহ বৃষ্টি হতে পারে। এছাড়া দেশের দক্ষিণাঞ্চলে কোথাও কোথাও মাঝারী ধরনের ভারী থেকে ভারী বর্ষণ হতে পারে।

তাপমাত্রাঃ সারাদেশে রাতের তাপমাত্রা (১-৩)ডিগ্রী সে. এবং দিনের তাপমাত্রা (১-৪)ডিগ্রী সে. হাস পেতে পারে।

পরবর্তী ৭২ ঘন্টার আবহাওয়ার অবস্থা (৩ দিন): আবহাওয়া পরিস্থিতির আরও অবনতি হতে পারে।

গতকালের সর্বোচ্চ ও আজকের সর্বনিম্ন তাপমাত্রা (ডিগ্রী সেলসিয়াস):

বিভাগের নাম	ঢাকা	ময়মনসিংহ	চট্টগ্রাম	সিলেট	রাজশাহী	রংপুর	খুলনা	বরিশাল
সর্বোচ্চ তাপমাত্রা	৩২.০	৩০.৪	৩৪.০	৩০.৩	৩১.৭	৩১.০	৩০.৬	৩২.০
সর্বনিম্ন তাপমাত্রা	২১.২	২১.৩	২৩.৫	২০.৪	১৯.০	১৭.৫	১৯.৮	২২.৬

গতকাল সর্বোচ্চ তাপমাত্রা ছিল কক্সবাজার,সীতাকুন্ড,চট্টগ্রাম ৩৪.০° এবং আজকের সর্বনিম্ন তাপমাত্রা তেঁতুলিয়া ১৭.৫° সেঃ।

### অগ্নিকান্ডঃ

ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্সের নিয়ন্ত্রণ কক্ষের তথ্য থেকে জানা যায়, ০৬/১১/২০১৯খ্রিঃ তারিখ রাত ১২.০০টা থেকে ০৭/১১/২০১৯খ্রিঃ তারিখ রাত ১২.০০টা পর্যন্ত সারাদেশে মোট ২৭টি অগ্নিকান্ডের ঘটনা ঘটেছে। বিভাগভিত্তিক অগ্নিকান্ডের তথ্য নিম্নে দেওয়া হলঃ

ক্রঃ নং	বিভাগের নাম	অগ্নিকান্ডের সংখ্যা	আহতের সংখ্যা	নিহতের সংখ্যা
১।	ঢাকা	৬	০	০
২।	ময়মনসিংহ	১	০	০
৩।	বরিশাল	১	০	০
৪।	সিলেট	১	০	০
৫।	রাজশাহী	২	০	০
৬।	রংপুর	৪	০	০
৭।	চট্টগ্রাম	১০	০	০
৮।	খুলনা	২	০	০
	মোট	২৭	০	০

২। ইহা মহোদয়ের সদয় অবগতির জন্য প্রেরণ করা হলো।

৯-১১-২০১৯

মোহাম্মদ হাফিজুর রহমান

ভারপ্রাপ্ত কর্মকর্তা

ফোন: ৮৮০-৫৮৮১১৬৫১

ফ্যাক্স: ৮৮০-২-৯৮৯১৯২৬

ইমেইল: controlroom.ddm@gmail.com

ভারপ্রাপ্ত কর্মকর্তা-১

এনডিআরসিসি অধিশাখা

দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়

স্মারক নম্বর: ৫১.০১.০০০০.০২৭.১৫.০০১.১৮.২৮১/১(৬৫)

তারিখ: ২৩ কার্তিক ১৪২৬

০৮ নভেম্বর ২০১৯

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) মহাপরিচালক, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর
- ২) পরিচালক, পরিবীক্ষণ ও তথ্য ব্যবস্থাপনা অনুবিভাগ, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর
- ৩) পরিচালক, ত্রাণ অনুবিভাগ, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর
- ৪) উপপরিচালক, পরিবীক্ষণ ও তথ্য ব্যবস্থাপনা অনুবিভাগ, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর

- ৫) প্রোগ্রামার, আইসিটি শাখা, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর  
৬) প্রোগ্রামার, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ঢাকা।  
৭) জেলা ত্রাণ ও পূর্ণবাসন কর্মকর্তা



৯-১১-২০১৯

মোহাম্মদ হাফিজুর রহমান  
ভারপ্রাপ্ত কর্মকর্তা